দৈনিক ইনকিলাব

165

তারিখ ... MAR 12 2000 ...
পৃষ্ঠা ১ কলাম ৬

# দেশজুড়ে গতকাল ব্যাপক নকল

**স্টাফ রিপোর্টার ঃ** এসএসসি পরীক্ষা এখন প্রহসনে পরিণত হয়েছে। গতকালও দেশজুড়ে ব্যাপক নকল এবং বিক্ষিপ্ত সংঘর্ষ ও কেন্দ্র দখলের মধ্য দিয়ে এসএসসি'র সাধারণ গণিত পরীক্ষা অনুষ্ঠিত হয়।

গণিত পরীক্ষার প্রশ্নপত্র বেশ কঠিন এবং প্রচলিত ধারার বাইরে ভিন্ন আঙ্গিকে হওয়ায় নকলের মাত্রা বহুগুণ বেড়ে যায়। প্রায় প্রতিটি কেন্দ্রের বাইরেই শত শত নকল সরবরাহকারী, এমনকি কোথাও কোথাও শিক্ষকরাও নকল দিতে তৎপর ছিল। ১৪৪ ধারা উপেক্ষা করে বহিরাগতরা মফস্বলের কেন্দ্রগুলো দখল করে নেয়। অনেক স্থানে নকলের মাত্রা প্রথম দিনের ইংরেজী পরীক্ষাকেও ছাড়িয়ে যায়। তবে দু'একটি

স্থানে বিচ্ছিন্ন কিছু সংঘর্ষের ঘটনা ছাড়া অধিকাংশ কেন্দ্রেই শান্তিপূর্ণভাবে নকলপর্ব সমাধা হয়। স্থানীয় রাজনৈতিক নির্দেশনায় প্রশাসনিক নিয়ন্ত্রণও ছিল শিথিল। শিক্ষক ও হল পরিদর্শকদের উদারতার কারণে বহিষ্কারের সংখ্যাও ছিল সামান্য। বহু কেন্দ্র থেকে বস্তায় বস্তায় নকল উদ্ধার করে ভ্রাম্যমাণ পরিদর্শকরা। গতকাল ৫টি বোর্ডে নকলের দায়ে ৪ হাজারেরও বেশী পরীক্ষার্থী এবং ৯ জন শিক্ষককে বহিষ্কার করা হয়।

এর মধ্যে রাজশাহী বোর্ডে ১ হাজার ৬৩০ জন পরীক্ষার্থী ও ৪ জন শিক্ষক, কুমিল্লা বোর্ডে সহস্রাধিক পরীক্ষার্থী ও ১ জন শিক্ষক, ঢাকা বোর্ডে ৬৪৪ জন পরীক্ষার্থী ও ৪ জন শিক্ষক, যশোর বোর্ডে ৬৩৬ জন পরীক্ষার্থী এবং চট্টগ্রাম বোর্ডে ৩৬০ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। সাতক্ষীরার কলারোয়ায় নারী উত্ত্যক্ত করার ঘটনা নিয়ে গতকালও দুই পরীক্ষার্থীর মধ্যে সংঘর্ষ ঘটে। এতে একজন আহত ও অপরজন

গ্রেফতার হয়। কুষ্টিয়ায় ১টি কেন্দ্রে গ্রেফতার করা হয় ৪ বহিরাগতকে।

সাধারণ পরীক্ষার্থীরা জানায়, এবারের গণিতের প্রশ্নপত্র কিছুটা ব্যতিক্রমী হওয়ায় অনেকেই সব প্রশ্নের উত্তর দিতে সক্ষম হয়নি। কেউ কেউ ২৫/৩০ নম্বরের প্রশ্ন ছেড়ে দিতে বাধ্য হয়। তাদের মতে প্রশ্ন বেশী কঠিন হয়েছে এবং বইয়ের সাথে প্রশ্নগুলোর ফিগারে কোন মিল ছিল না। যে কারণে অনেকেই তালগোল পাকিয়ে ফেলে। এ অবস্থায় বহিরাগতদের সহায়তায় নকলবাজরা সফল হয়।

চট্টগ্রাম ব্যুরো জানায়, গণনকল, পরীক্ষাকেন্দ্র থেকে বস্তায় বস্তায় নকল উদ্ধার এবং নকল করার অভিযোগে অসংখ্য ছাত্র-ছাত্রীকে বহিষ্কারের মধ্য দিয়ে গতকাল (শনিবার) চট্টগ্রাম বোর্ডের অধীন ৮৮টি কেন্দ্রে অংকের পরীক্ষা সম্পন্ন হয়েছে। গতকাল নকলের দায়ে মোট ৩৬০ জনকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে চট্টগ্রাম জেলায় সর্বোচ্চ ২৬৬ জন এবং কক্সবাজার জেলায় ৮০ জনকে বহিষ্কার করা হয়। জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ছাত্র-ছাত্রীদের দেহ তল্লাশি করে বিপুল পরিমাণ নকল

৭-এর পৃঃ ১-এর কঃ দেখুন

# দেশজুড়ে গতকালও ব্যাপক নকল এসএসসি পরীক্ষা প্রহসনে পরিণত

প্রথম পৃষ্ঠার পর

উদ্ধার করা হয়েছে।

মেহেরপুরের গাংনীতে নকলের ছবি তোলায় ওসি শাজাহান ৩ সাংবাদিককে লাঠিপেটা করে তাদের ক্যামেরা কেড়ে নেয় এবং ফিল্ম খুলে ফেলে ক্যামেরা আছড়ে ভেঙ্গে দেয়।

রাজশাহী অফিস জানায়, গতকাল এসএসসি'র অংক পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনস্থ কেন্দ্রগুলো থেকে নকলের দায়ে ৪ জন শিক্ষক এবং ১ হাজার ৬শ' ৩০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। রাজশাহী শিক্ষা বোর্ডের কন্ট্রোল রুম সূত্রে জানা গেছে, নবাবগঞ্জে ৩ জন এবং নওগাঁয় ১ জন শিক্ষক বহিষ্কৃত হয়। এছাড়া নাটোরে ৬৪ জন, নবাবগঞ্জে ১৪৩ জন, নওগাঁয় ১০৪ জন, পাবনায় ১৩৫ জন, রংপুরে ২১৪ জন, কুড়িগ্রামে ১১৮ জন, নীলফামারীতে ৬৩ জন এবং ঠাকুরগাঁওয়ে ১৭০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

কলারোয়া (সাতক্ষীরা) নিজস্ব সংবাদদাতা জানান, কলারোয়ায় এসএসসি অংক পরীক্ষা

শুরুর ১০ মিনিট আগে সরকারী কলেজ উপকেন্দ্রে এক সংঘর্ষে হাসানুজ্জামান (১৭) নামক এক পরীক্ষার্থী আহত হয়।

ফরিদপুর সংবাদদাতা জানান, গণিত পরীক্ষায় এ জেলার বিভিন্ন কেন্দ্রে গতকাল ব্যাপক নকল হয়। শহরের পুলিশ লাইন এবং ময়েজ উদ্দীন স্কুল ছাড়া অন্য কেন্দ্রগুলোতে

নকলকারী ও তাদের সহযোগীদের দৌরাত্ম্য ছিল। ফটোকপির দোকানগুলোতে প্রশ্নপত্র ফটোকপি করে বিভিন্ন কেন্দ্রের আশপাশে সহযোগীদের নকল সরবরাহ করতে দেখা যায়। এদিকে শহরের গোয়ালচামটে তুহিন নামে এক এসএসসি পরীক্ষার্থীকে জনৈক হেরোইনসেবী মোস্তাক চাপাতি দিয়ে কুপিয়ে মারাত্মকভাবে আহত করেছে।